Model Activity Task 2021 October

Model Activity Task Part –7| Class- 8| Geography

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর

অষ্টম শ্রেণী| ভূগোল | পার্ট -৭

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ আন্তঃক্রান্তীয় অভিসরণ অঞ্চলে যে দুটি নিয়ত বায়ু মিলিত হয় তা হলো –

ক) দক্ষিণ-পশ্চিম পশ্চিমা বায়ু ও উত্তর-পশ্চিম পশ্চিমা বায়ু

খ) উত্তর-পূর্ব মেরু বায়ু ও দক্ষিণ-পূর্ব মেরু বায়ু

গ) উত্তর-পূর্ব আয়ন বায়ু ও দক্ষিণ-পূর্ব আয়ন বায়ু

ঘ) উত্তর-পূর্ব আয়ন বায়ু ও দক্ষিণ-পূর্ব মেরু বায়ু

১.২ বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত হয় যে মেঘ থেকে সেটি হলো –

ক) সিরোকিউমুলাস

(খ) কিউমুলাস

(গ) স্ট্যাটাস

(ঘ) কিউমুলোনিম্বাস

১.৩ ঠিক ঝোড়াটি নির্বাচন করো –

ক) মেক্সিকো – ২৩ উত্তর অক্ষরেখার বিস্তৃতি

(খ) গ্রান্ড ক্যানিয়ন – কলোরাডো নদীর প্রথম পার্শ্বক্ষয়

গ) ক্যালিফোর্নিয়ার উপকূল অঞ্চল— শীতকালীন বৃষ্টিপাত

ঘ) কানাডার কাষ্ঠ শিল্প – ক্রান্তীয় বনভূমির শক্ত কাঠের প্রাচুর্য

১.৪ জুন-জুলাই মাসে দক্ষিণ আমেরিকার যে দেশটিতে শীতকাল বিরাজ করে সেটি হলো-

ক) ভেনিজুয়েলা

(খ) গায়না

গ) উরুগুয়ে

ঘ) সুরিনাম

2. ‘ক’ স্তম্ভের সঙ্গে ‘খ’ স্তম্ভ মেলাও :

‘ক’ স্তম্ভ	‘খ’ স্তম্ভ
২.১ স্থানীয় বায়ু	ii) চিনুক
২.২ বেশি উচ্চতার মেঘ	iv) সিরাস
২.৩ দক্ষিণ আমেরিকার একটি হ্রদ	i) টিটিকাকা
২.৪ পশুচারণভূমি	iii) এস্টেনশিয়া

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ মেরু অঞ্চলে বায়ুর উচ্চচাপ সৃষ্টির দুটি কারণ উল্লেখ করো।

উ:- 1.বরফাবৃত অঞ্চল: মেরু অঞ্চলে প্রায় সারা বছর বরফে ঢাকা থাকায় উষ্ণতা হিমাঙ্কের নিচে থাকে। তাই এখানকার বাতাস ভীষণ শীতল ও ভারি।
2.তীর্যক সূর্য রশ্মি: এই অঞ্চলে সূর্যরশ্মি তীর্যকভাবে পড়ায় তাপের অভাবে বাষ্পীভবনের পরিমাণ খুব কম হয়। ফলে অঞ্চলটি উচ্চচাপ যুক্ত অঞ্চলে পরিণত হয়।

৩.২ দক্ষিণ আমেরিকার নদীগুলির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

উ:- 1. আয়তন ও দৈর্ঘ্য:দক্ষিণ আমেরিকার নদীগুলি অধিকাংশ দৈর্ঘ্য এবং আয়তন বিশাল|

2. চির প্রবাহী নদীগুলি বৃষ্টির জল ও বরফ গলা জলে পুষ্ট তাই চির প্রবাহী|

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৪.১ ‘প্রতীপ ঘূর্ণবাত ঘূর্ণবাতের বিপরীত অবস্থা’ – বক্তব্যটির যথার্থতা বিচার করো।

উ:- প্রতীপ ঘূর্ণবাত ঘূর্ণবাত এর বিপরীত অবস্থা এর কারণগুলি নিম্নে আলোচনা করা হল-
1. শান্ত আবহাওয়া: ঘূর্ণবাতের আবহাওয়া অশান্ত থাকে। কিন্তু প্রতিভা ঘূর্ণবাতের রোদ্রজ্জল আবহাওয়া লক্ষ্য করা যায়।
2. বায়ুর গমন: ঘূর্ণবাতের বায়ু নিম্নমুখী হয় কিন্তু প্রতিপ ঘূর্ণবাতের বায়ু উর্ধ্বমুখী হয়।
3. ধ্বংসলীলা: ধন্যবাদ প্রচুর ধ্বংসলীলা চালালেও প্রতীপ ঘূর্ণবাত কোন ধ্বংস হয় না।

4.বায়ুর দিক পরিবর্তন: ঘূর্ণবাতের উত্তর গোলার্ধে বায়ু ঘড়ির কাঁটার বিপরীত দিকে এবং দক্ষিণ গোলার্ধে বায়ু ঘড়ির কাঁটার দিকে প্রবাহিত হলে ও প্রতীপ ঘূর্ণবাত এর বিপরীতমুখী হয়।

৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৫.১ 'হ্রদ অঞ্চল কৃষিকার্যে যথেষ্ট সমৃদ্ধ' – ভৌগোলিক কারণগুলি ব্যাখ্যা করো।

উ:-

হ্রদ অঞ্চল সমগ্র পৃথিবীর শ্রেষ্ঠ কৃষিসমৃদ্ধ অঞ্চল। এই অঞ্চলের কৃষির উন্নতির কারণগুলো হল—

i. সমতল জমি : হ্রদ অঞ্চলের বিস্তীর্ণ সমতল জমি কৃষিজ ফসল উৎপাদনের জন্যে অত্যন্ত উপযোগী।

ii. পরিমিতি বৃষ্টিপাত ও উন্নতা: নাতিশীতোয় জলবায়ুর অন্তর্গত হ্রদ অঞ্চল পরিমিত বৃষ্টিপাত এবং উয়তার জন্যে কৃষিকাজে উন্নত।

iii. উর্বর মৃত্তিকা : এই অঞ্চলের উর্বর মৃত্তিকায় কৃষিজ ফসল উৎপাদন বেশি হয়।

iv. চাষযোগ্য জমির পরিমাণ বেশি: হ্রদ অঞ্চলে চাষযোগ্য জমির পরিমাণ বেশি। ফলে বিভিন্ন ফসলের চাষ হয়।

v. উন্নত প্রযুক্তি ও উন্নত কৃষি যন্ত্রপাতি : এই অঞ্চলে উন্নত প্রযুক্তি ব্যবহার ও উন্নত যন্ত্রপাতি ব্যবহারের ফলে ফসলের উৎপাদনের হার বেশি হয়।

vi. জলসেচ : হ্রদগুলোর স্বাদু জল সেচের কাজে ব্যবহৃত হয়। ফলে সেচের জলের অভাব হয় না।

vii. ঘনবসতি : অঞ্চলটি ঘনবসতিপূর্ণ। তাই শ্রমিকের যেমন অভাব হয় না; তেমনি কৃষিজ ফসলের প্রচুর চাহিদা আছে।

viii. শস্যাবর্তন : শস্যাবর্তন পদ্ধতিতে চাষের ফলে সারা-বছর ধরে ফসল উৎপন্ন হয়।

ix. সরকারি উন্নত নীতি : সরকার কৃষির উন্নতির জন্যে নীতি নির্ধারণ করেন।